

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৬৮০

২৯/ দু'আ ও যিকর

পরিচ্ছেদঃ যিকর তথা আল্লাহকে স্মরণ করার ফ্যীলত ও তার প্রতি উৎসাহ দান

আরবী

وَعَنْ أَبِي مُوسَى الْأَشْعَرِي عَنِ النَّبِيِّ عَيَّالِيُّ قَالَ مَثَلُ الَّذِي يَذْكُرُ رَبَّهُ وَالَّذِي لاَ يَذْكُرُهُ مَثَلُ النَّذِي يَذْكُرُ رَبَّهُ وَالنَّذِي لاَ يَذْكُرُ مَثَلُ المَيِّتِ وَالمَيِّتِ وَالمَيِّتِ الَّذِي يُذْكَرُ اللهُ فِيهِ وَالبَيْتِ الَّذِي لاَ يُذْكَرُ اللهُ فِيهِ وَالبَيْتِ الَّذِي لاَ يُذْكَرُ اللهُ فِيهِ مَثَلُ الحَيِّ والمَيِّتِ

বাংলা

মহান আল্লাহ বলেছেন,

وَلِذَكْرُ اللهِ أَكْبَرُ

অর্থাৎ, অবশ্যই আল্লাহর স্মরণ সর্বশ্রেষ্ঠ। (সূরা আনকাবৃত ৪৫)

আল্লাহ তাআলা বলেছেন,

فَاذْكُرُوْنِيْ أَذْكُرْكُمْ

অর্থাৎ, তোমরা আমাকে স্মরণ কর; আমিও তোমাদেরকে স্মরণ করব। (সূরা বাক্বারা ১৫২)

তিনি অন্যত্র বলেন,

وَاذْكُرْ رَبَّكَ فِي نَفْسِكَ تَضَرُّعاً وَخِيفَةً وَدُونَ الجَهْرِ مِنَ القَوْلِ بِالغُدُوِّ والآصالِ وَلاَ تَكُنْ مِنَ الغَافِلِينَ

অর্থাৎ, তোমার প্রতিপালককে মনে মনে সবিনয় ও সশঙ্কচিত্তে অনুচ্চস্বরে প্রত্যুষে ও সন্ধ্যায় স্মরণ কর এবং তুমি উদাসীনদের দলভুক্ত হয়ো না। (সূরা আ'রাফ ২০৫)

তিনি অন্য জায়গায় বলেন,

وَاذْكُرُوا اللهَ كَثِيرًا لَّعَلَّكُمْ تُفْلِحُوْنَ



অর্থাৎ, আল্লাহকে অধিকরূপে স্মরণ কর; যাতে তোমরা সফলকাম হও। (সূরা জুমআহ ১০)

তিনি আরো বলেছেন,

إِنَّ الْمُسْلِمِيْنَ وَالْمُسْلِمَاتِ إِلَى قَوْله تَعَالَى وَالذَّاكِرِينَ اللهَ كَثِيراً وَالذَّاكِرَاتِ أَعَدَّ اللهُ لَهُمْ مَغْفِرَةً وَأَجْراً عَظِيْمًا

অর্থাৎ, নিশ্চয়ই আত্মসমর্পণকারী (মুসলিম) পুরুষ ও আত্মসমর্পণকারী (মুসলিম) নারী, বিশ্বাসী পুরুষ ও বিশ্বাসী নারী, অনুগত পুরুষ ও অনুগত নারী, সত্যবাদী পুরুষ ও সত্যবাদী নারী, ধৈর্যশীল পুরুষ ও ধৈর্যশীল নারী, বিনীত পুরুষ ও বিনীত নারী, দানশীল পুরুষ ও দানশীল নারী, রোযা পালনকারী পুরুষ ও রোযা পালনকারী নারী, যৌনাঙ্গ হিফাযতকারী (সংযমী) পুরুষ ও যৌনাঙ্গ হিফাযতকারী (সংযমী) নারী, আল্লাহকে অধিক স্মরণকারী পুরুষ ও আল্লাহকে অধিক স্মরণকারী নারী—এদের জন্য আল্লাহ ক্ষমা ও মহাপ্রতিদান রেখেছেন। (সূরা আহ্যাব ৩৫) তিনি অন্য জায়গায় বলেছেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اذْكُرُوا اللهَ ذِكْرًا كَثِيْرًا وَسَبِّحُوْهُ بُكْرَةً وَأَصِيلًا

অর্থাৎ, হে বিশ্বাসিগণ! তোমরা আল্লাহকে অধিক স্মরণ কর এবং সকাল-সন্ধ্যায় আল্লাহর পবিত্রতা ও মহিমা ঘোষণা কর। (সূরা আহ্যাব ৪১-৪২)

(৩৬৮০) আবৃ মূসা আশআরী (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যে আল্লাহর যিকর করে আর যে যিকর করে না, উভয়ের উদাহরণ মৃত ও জীবন্ত মানুষের মত।" (বুখারী ৬৪০৭)

মুসলিম এটি এভাবে বর্ণনা করেছেন যে, "যে ঘরে আল্লাহর যিকর করা হয় এবং যে ঘরে আল্লাহর যিকর করা হয় না, উভয়ের দৃষ্টান্ত জীবিত ও মৃতের ন্যায়।" (মুসলিম ১৮৫৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন